২৫

দৈনিক ইনকিলাব

তারিখ ২৬ JUL 1994
পৃষ্ঠা ৭ কলাম ৫

# ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ

## অর্থনীতি বিভাগের মাস্টার্সের ফল প্রকাশ

।। ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

দীর্ঘ প্রায় ৮ মাস পরে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের ১৯৯০-৯১ সেশনের মাস্টার্স পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এই পরীক্ষায় মোট ৯১ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। তন্মধ্যে ৩ জন প্রথম শ্রেণীতে, ৪৬ জন ২য় শ্রেণীতে, ১ জন তৃতীয় শ্রেণীতে এবং ১ জন অকৃতকার্য হয়।

উল্লেখ্য, ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রায় ২ বছর সেশনজট রয়েছে। এ অবস্থায় পরীক্ষা গ্রহণ এবং ফল প্রকাশে এত বিলম্ব হলে সেশনজটের পরিমাণ আরো বৃদ্ধি পাবে বলে ছাত্র-ছাত্রীবৃন্দ উদ্বেগ প্রকাশ করেছে।

## শিক্ষক সমিতির সভায় ব্লাসফেমী আইন দাবী

ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক সভা সম্প্রতি সমিতির সভাপতি ডঃ মোহাম্মদ আশরাফ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় (এক) তসলিমাসহ নাস্তিক-মুরতাদদের শাস্তি, ব্লাসফেমী আইন প্রবর্তন এবং ইসলামবিরোধী পত্র-পত্রিকাসমূহের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের নিকট জোর দাবী, বর্তমান রাজনীতির অচলাবস্থা নিরসনকল্পে সরকারী ও বিরোধী দলের অনড় মনোভাব পরিহার করে জাতীয় বৃহত্তর স্বার্থে সমঝোতায় আসার আহবান ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অনাকাংখিতভাবে সিনেট অধিবেশন স্থগিত করায় উদ্বেগ প্রকাশ এবং অবিলম্বে সিনেট অধিবেশন আহবানের দাবী জানানো হয়।

## সাদ্দাম হলে ছাত্র দলের কমিটি গঠন

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্র দল ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাদ্দাম হল শাখার সম্প্রতি আহবায়ক কমিটি গঠন করা হয়েছে। মোহাম্মদ জহুরুল ইসলাম জহিরকে আহবায়ক এবং ৭ জনকে যুগ্ম আহবায়ক করে ৪১ সদস্যবিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়েছে। এর পূর্বে ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার কাউন্সিল অনুষ্ঠিত হয়। এতে মীর্জা ওয়ালিদ হোসেন শিপন সভাপতি এবং মোঃ বেলাল হোসাইন সেক্রেটারী পদে নির্বাচিত হন।

## ফরিদপুর ছাত্র কল্যাণ সমিতির অভিষেক

সম্প্রতি ইসলামী বিশ্ববিদ্যালয়ের সেমিনার কক্ষে বৃহত্তর ফরিদপুর ছাত্র কল্যাণ সমিতির কার্যনির্বাহী পরিষদের অভিষেক অনুষ্ঠিত হয়। জনাব মতিউর রহমান নিজামীর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় প্রধান অতিথি ছিলেন সহকারী অধ্যাপক ফয়েজ মোহাম্মদ সিরাজুল হক (ইংরেজী বিভাগ) এবং বিশেষ অতিথি ছিলেন প্রক্টর মোহাম্মদ মোশাররফ হোসেন। উক্ত অনুষ্ঠানে ১৯৯৪-৯৫ সেশনের কমিটিতে সভাপতি হিসেবে মোহাম্মদ কামরুল হাসান এবং সেক্রেটারী হিসেবে মোহাম্মদ আবু তাহে[illegible] করা হয়।